[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করোনা মোকাবেলায় আমাদের যে কর্মসূচি চলমান, সেটা থাকবে। স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে। মেহেরপুরের প্রবেশপথে কঠর নজরদারি রাখা হবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সাপের কামড়ে দু-জনের মৃত্যু

মেহেরপুরে পৃথক দুই জায়গায় বিষাক্ত সাপের কামড়ে দু-জনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার দিবাগত রাতে সদর উপজেলার খোকসা গ্রামে ও গোভিপুর গ্রামে ঘুমন্ত অবস্থায় ছিতারন(৪৫) নামের এক মহিলাকে কামড় দেয়। পরে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। ছিতারন খোকসা গ্রামের নুরইসলামের স্ত্রী।

অপর দিকে সদর উপজেলার গোভীপুর গ্রামে ঘুমন্ত অবস্থায় জালাল উদ্দীন(৫০) নামের আরেক জনকে সাপে কামড় দেয়। পরে তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত জালাল উদ্দীন মৃত ফকির মোহাম্মদের ছেলে।

মেহেরপুরে আরো একজন করোনায় আক্রান্ত, মোট আক্রান্ত ৩৬

মেহেরপুরে উজ্জল হোসেন নামের একজন নতুন করে আরো একজন করোনায় আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় মোট ৩৬ জন আক্রান্ত হলেন। আক্রান্ত উজ্জল সদর উপজেলার গোভিপুর গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে। শহরের একটি হোটেলের ম্যানেজার হিসেবে কর্মরত রয়েছেন।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। নতুন করে আক্রান্ত ব্যক্তির পরিচয় জানা যায়নি।
তিনি আরো জানান, গতকাল পর্যন্ত ১৪২৮টি ফলাফল এসেছে। তার মধ্যে ৩৬টি পজেটিভ। বাকি গুলো নেগেটিভ।

আক্রান্ত ৩৬ জনের মধ্যে সুস্থ হয়েছেন ১০জন। মারা গেছেন ২ জন। একজনকে যশোর সিএমএইচ এ স্থানান্তর করা হয়েছে এবং বাকি ২৩ জন রয়েছেন। তারা প্রত্যেকেই ভাল আছেন।

তিনি আরো জানান, উজ্জল হোসেনের বাড়িসহ কয়েকটি বাড়ি লকডাউন করা হবে।

গাংনীর কাজিপুরে সরকারী চাল ছিনতাইকারী রাজুর ১ মাসের জেল

মেহেরপুরের গাংনীর কাজিপুর চাল ছিনতাই ও সরকারে কাজে বাধা দেওয়ার ঘটনায় রাজু (২৭) নামের একজনের ১ মাসের রাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টায় ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার ভুমি মো: ইয়ানুর রহমান এ কারাদন্ড প্রদান করেন। কারাদন্ড প্রাপ্ত রাজু কাজিপুর ইউনিয়নের বেতবাড়িয়া গ্রামের হকাজ্জেল হোসেনের ছেলে।
ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও সহকারী কমিশনার ভুমি মো: ইয়ানুর রহমান জানান,দূর্যোগ ব্যবস্থাপনা আইন,সরকারী কাজে বাধা ও ভিজিডির চাল ছিনতাইয়ের ঘটনায় জড়িত রয়েছে মর্মে স্বীকার করলে তাকে ১ মাসের কারাদন্ড দেয়া হয়।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,ভ্রাম্যমান আদালতে কারাদন্ড প্রাপ্ত রাজুকে জেলা কারাগারে পাঠানোর প্রস্তুুতি চলছে।
উল্লেখ্য: মঙ্গলবার দুপুরে কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাকে তুলে নিয়ে ত্রানের ১২শ’ জনের তালিকায় স্বাক্ষর করিয়ে নেয় ইউপি আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ স্বপন। পরে তার ইন্দনে বেতবাড়িয়া গ্রামের কথিত আওয়ামীলীগ কর্মী আলাইহীমের

নেতৃত্বে একই গ্রামের হকাজ্জেলের ছেলে রাজু ভিজিডির ২ বস্তা চাল ছিনতাই করে নিয়ে যায়। এ ঘটনায় অভিযুক্তদের বিচার দাবি করেন কাজিপুর ইউপি আওয়ামীলীগের সাবেক সভাপতি আবু নাতেক,বর্তমান সাধারন সম্পাদক হাফিজুর রহমান,যুবলীগ নেতা ও ইউপি সদস্য খবির উদ্দীন।

মেহেরপুরে ২শ গ্রাম গাঁজা মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫শ গ্রাম গাঁজাসহ শের খা অরফে সেরেকুল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার বিকালে এস আই তরিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর শহরের পৌর ঈদগাহ এর পাশে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক সেরেকুল মেহেরপুর শহরের মন্ডলপাড়ার মৃত ইব্রাহিম বিহারী এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, ১৬ জুন মঙ্গলবার মেহেরপুর শহরের পৌর ঈদগাহ এর পাশে অভিযান চালিয়ে সেরেকুল নামের মাদক ব্যবসায়ীকে ২শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৫শ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫শ গ্রাম গাঁজাসহ মোহাম্মদ বাঁশি নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার বিকালে এস আই অজয়

কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে শহরের কাথুলী রোড বেড়পাড়ায় থেকে তাকে আটক করা হয়।

আটক বাঁশি গাংনী উপজেলার ধলা রামকৃষ্ণপুর গ্রামের মৃত হেমাজুদ্দিন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, ১৬ জুন মঙ্গলবার শহরের বেড় পাড়া থেকে মোহাম্মদ বাঁশি নামের এক মাদক ব্যবসায়ীকে ৫শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আটক বাঁশির বিরুদ্ধে স্পেশাল পাওয়ার অ্যাক্টে একটি মামলা আছে।

মেপ্র/এমএফআর

গাংনীতে চাল গুজবের অবসান

চুয়াডাঙ্গা সাতগাড়ির গুদামে জব্দকৃত ১২৬৬ বস্তা চাল জব্দের ঘটনার তদন্ত শেষ হয়েছে। চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসনের দুটি তদন্ত টীমই তাদের তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

তদন্তে সাহিদুজ্জামান খোকন চাল পাচারের বিষয়ে সংশ্লিষ্টতা বা জড়িত নয় এবং আইনানুযায়ি প্রকল্প চেয়ারম্যান গণ চাল বিক্রি করেছেন বলে প্রমানিত হয়েছে।

এদিকে চাল নিয়ে ক্ষমতাসীন দলের নেতৃবৃন্দের মত বিনিময় সভায় সাংসদ সাহিদুজ্জামান খোকনের জড়িত থাকা ও তার শাস্তির দাবী অহেতুক ও দলের ভাবসুর্তি ক্ষুন্ন হয়েছে বলে মন্তব্য করেছেন অনেকেই।

গাংনীর খাদ্য গুদাম থেকে ছাড় হওয়া ১২৬৬ বস্তা চাল চুয়াডাঙ্গার সাতগাড়ি বাজারের জনৈক নজরুল ইসলামের গুদামে নিয়ে যাবার সময় প্রশাসনের নজরে পড়ে। এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন চাল জব্দ করেন এবং গোডাউনটি সিলগালা করেন। একই সাথে একটি তদন্ত কমিটি গঠন করেন।

সেই সাথে মেহেরপুর জেলা প্রশাসনও একটি তদন্ত কমিটি গঠন করে তিন

দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়। গেল রবিবার দুটি কমিটি তাদের প্রতিবেদন জমা দেন। প্রতিবেদনে সঠিক নিয়মে চাল বিক্রি করা হয়েছে এবং সাংসদ খোকন দোষি নয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সেই সাথে জব্দকৃত চাল ক্রেতাকে তা বুঝিয়ে দেয়া হয়েছে বলে জানা গেছে।

এদিকে চাল নিয়ে বিভিন্ন পত্র পত্রিকা ও সোস্যাল মিডিয়ায় নানা মন্তব্য প্রকাশ পায়। গত ১০ জুন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক তার কার্যালয়ে সাংবাদিকদের নিয়ে মতবিনিময় সভা করেন। তদন্ত টীম প্রকাশ্যে তদন্ত করা নিয়ে মন্তব্য করেন তিনি।

এ ছাড়াও এমপি খোকনের বিরুদ্ধে প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগসহ নানা দুর্ণীতির ফিরিস্তি তুলে ধরেন।

ক্ষমতাসীন দলের কয়েকজন জানান, দলীয় এমপি ও উপজেলা আওয়ামীলীগের সভাপতির বরাদ্দ দেয়া চাল বিভিন্ন রাস্তা নির্মাণ ও সংস্কার কাজের জন্য প্রকল্প চেয়ারম্যানদের নামে বরাদ্দ দেয়া হয়েছে। কোন অনিয়ম হলে তার দ্বায়ভার সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যান গনের। এখানে এমপি খোকনের নাম জড়িয়ে মতোমবিনিময় সভা করাটা সমীচীন নয়। তাছাড়া মতো বিনিময় সভায় দুর্ণীতি তুলে ধরাটা কাদা ছোড়াছুড়ি ছাড়া আর কিছুই নয়।

নাম প্রকাশ না করার শর্তে ক্ষমতাসীন দলের এক নেতা জানান, বিগত দিনেও প্রকল্প চেয়ারম্যানরা চাল বিক্রি করেছেন। তা নিয়ে কোন কথা হয়নি। এখন কেন এতো কথা ? রাজনীতিটা বংশ পরমপরায় হয় না। মতাদর্শ বাবা ছেলের এক নাও হতে পারে। খোকন ছাত্র জিবন থেকে আওয়ামীলীগ রাজ নীতিতে জড়িত। দলীয় লোকজন কাদা ছোড়াছুড়িতে মেতে উঠেছেন মাত্র। এটা এখনই পরিহার করে সকলে মিলেমিশে সরকারের কর্মকান্ডকে বেগমান করার দাবী গাংনী উপজেলাবাসীর।

অপরদিকে যাচাই বাছাই না করে সরকারের প্রশাসনিক কর্তা ব্যাক্তিরা চাল জব্দ করে গোডাউন সিলগালা করায় দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন বলে মন্তব্য করেন অনেকেই। চাল জব্দের সাথে জড়িত প্রশাসনের উচিৎ িেছেলা তাৎক্ষনিক ভাবে আইন জেনে মিডিয়াকে পরিস্কার করা।

এতে গাংনী রাজনীতি ও সরকারের উন্নয়নে চরম প্রভাব পড়েছে। চাল জদ্বের ঘটনায় সোস্যাল মিডিয়াতে ঝড় ওঠে। মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য কর্তৃক ডিও লেটারের মাধ্যমে ১৩ টি প্রকল্প পিআইসিদের মাঝে

বরাদ্দ দেয়ায় তাকে নিয়ে অশ্লিল কথাবার্তা সহ মানহানিকর অনেক তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্তি ও বিভক্তি করার চেষ্টা করা হয়।

এবিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, সত্য চিরদিনই সত্য। সৎ ব্যক্তি কখনোই জুলুমে পড়েনা। সাময়িক ভাবে কিছুটা হয়রানী হলেও পরে তা ঠিক হয়ে যায়। তবে যারা বিভিন্ন ভাবে আমার বিরুদ্ধে অপপ্রচার চালিয়েছেন তারা তাদের ভুলের মাশুল দেবেন।

গাংনীতে চেয়ারম্যানকে তুলে নিয়ে জোর পূর্বক ত্রাণের তালিকায় স্বাক্ষর নিলেন আওয়ামীলীগ সভাপতি

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে তুলে নিয়ে জোর পূর্বক ত্রাণের তালিকায় স্বাক্ষর করিয়ে নিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি। একই সঙ্গে ভিজিপির চাল ছিনিয়ে নেওয়ার ঘটনাও ঘটে।

মঙ্গলবার দুপুরে ক্ষমতার দাম্ভিকতার এ ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলা কাজিপুর ইউনিয়নে।

ইউনিয়ণ আওয়ামী লীগ সভাপতি আব্দুর রউফ স্বপন ধানখোলা ইউপির আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কাজিপুর হালসানা পাড়ার বাসিন্দা।

কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাহ জানান, কাজিপুর ইউপি আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ স্বপন ও বেতবাড়িয়া গ্রামের আলাইহীম সহ তাদের সহযোগীরা আমাকে কাজিপুর গোলাম বাজার থেকে ইউনিয়ন পরিষদে তুলে নিয়ে ত্রানের ১২শ জনের তালিকায় জোর পূর্বক স্বাক্ষর করিয়ে নেন। সার্বিক ঘটনা উপজেলা নির্বাহী অফিসকে জানিয়েছি। তিনি আরো বলেন, আমি বৃদ্ধ মানুষ শেষ বয়সে আমাকে নিয়ে যা করলো আল্লাহই তার বিচার করবে।

ব্যবহৃত মোবাইল ফোনে এ বিষয়ে কথা বলার জন্য (মঙ্গলবার বিকাল ৪ টা থেকে ৫ টা পর্যন্ত) একাধিকবার কল দিলে তিনি বন্ধ পাওয়া যায়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,ঘটনাটি জানতে পেরে পীরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই বাবুলকে কাজিপুর ইউনিয়ন পরিষদে পাঠানো হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন,বিষয়টি ইউপি চেয়ারম্যান ও সচিব অবগত করলে সহকারী কমিশনার ভুমিকে পাঠানো হয়েছে।

এ বিষয়ে কথা বলতে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের মোবাইল ফোনে কল দেয়া হলে তিনি রিসিভ করেননি।

শততম দিনে মৃত্যুর রেকর্ড

বাংলাদেশে করোনা আক্রমনের আজ শততম দিন। এই দিনে রেকর্ড ছাড়িয়েছে মৃত্যুর। গত ২৪ ঘণ্টায় আরও ৫৩ জনের প্রাণ কেড়ে নিয়েছে মহামারি করোনাভাইরাস (কোভিড-১৯)। ফলে ভাইরাসটিতে মোট ১২৬২ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ৩ হাজার ৮৬২ জন। এতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯৪ হাজার ৪৮১ জনে।

আজ মঙ্গলবার (১৬ জুন ২০২০) দুপুরে স্বাস্থ্য অধিদপ্তর এর করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। কোভিড-১৯ সংক্রান্ত নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) (বর্তমানে ভারপ্রাপ্ত মহাপরিচালকের দায়িত্বে) ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানিয়েছেন।

তিনি মোট ৬১টি ল্যাবে নমুনা পরীক্ষার তথ্য তুলে ধরে জানান, করোনাভাইরাস শনাক্তে গত ২৪ ঘণ্টায় আরও ১৮ হাজার ৪০৩টি নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষা করা হয় ১৭ হাজার ২১৪টি নমুনা। এ নিয়ে দেশে মোট নমুনা পরীক্ষা করা হলো পাঁচ লাখ ৩৩ হাজার ৭১৭টি। নতুন নমুনা পরীক্ষায় করোনা সংক্রমণ শনাক্ত হয়েছে আরও তিন হাজার ৮৬২ জনের দেহে। ফলে শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়াল ৯৪ হাজার ৪৮১ জনে। আক্রান্তদের মধ্যে মারা গেছেন আরও ৫৩ জন। এ নিয়ে মোট মৃত্যু

হলো এক হাজার ২৬২ জনের। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন আরও দুই হাজার ২৩৭ জন। সব মিলিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা এখন ৩৬ হাজার ২৬৪ জন।

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি এড়াতে সবাইকে ঘরে থাকার এবং স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ-নির্দেশনা মেনে চলার অনুরোধ জানানো হয় বুলেটিনে।

সোমবারের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৮ জনের প্রাণ কেড়ে নিয়েছে মহামারি করোনাভাইরাস (কোভিড-১৯)। ফলে ভাইরাসটিতে মোট ১২০৯ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ৩ হাজার ৯৯ জন। এতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯০ হাজার ৬১৯ জনে।করোনাভাইরাস শনাক্তে গত ২৪ ঘণ্টায় আরও ১৫ হাজার ৭৩৩টি নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষা করা হয় ১৫ হাজার ৩৮টি নমুনা। এ নিয়ে দেশে মোট নমুনা পরীক্ষা করা হলো পাঁচ লাখ ১৬ হাজার ৫০৩টি। নতুন নমুনা পরীক্ষায় করোনা সংক্রমণ শনাক্ত হয়েছে আরও তিন হাজার ৯৯ জনের মধ্যে। ফলে ভাইরাসটিতে আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৯০ হাজার ৬১৯ জনে। আক্রান্তদের মধ্যে মারা গেছেন আরও ৩৮ জন। এ নিয়ে মোট মৃত্যু হলো এক হাজার ২০৯ জনের।

করোনাভাইরাস প্রথম শনাক্ত হয় গত ডিসেম্বরে চীনের উহান শহরে। তবে ছড়িয়ে পড়া এ ভাইরাস ক্রমে গোটা বিশ্বকে বিপর্যস্ত করে দিয়েছে। চীন পরিস্থিতি অনেকটাই সামাল দিয়ে উঠলেও এখন মারাত্মকভাবে ভুগছে ইউরোপ-আমেরিকা-এশিয়াসহ বিশ্বের অন্যান্য অঞ্চল। পৃথিবীর ২১৬ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এ মরণ ভাইরাস।

গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়। এরপর প্রথম দিকে কয়েকজন করে নতুন আক্রান্ত রোগীর খবর মিললেও এখন লাফিয়ে লাফিয়ে বাড়ছে এ সংখ্যা। বাড়ছে মৃত্যুও। এদিকে ক্রমেই আক্রান্ত সংখ্যা বৃদ্ধি পেলেও মানুষের জীবিকার তাগিদে ৮ম দফায় ছুটি না বাড়িয়ে ৩১ মে থেকে খুলে দেওয়া হয়েছে অফিস-দোকানপাট ও সীমিত পরিসরে গণপরিবহন। তবে রেড জোন চিহ্নিত করে এলাকাভিত্তিক লকডাউন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

মেপ্র/এমএফআর